



মধ্যপ্রাচ্যে সংঘাত থামাতে জরুরি সংলাপের আহ্বান জাতিসংঘের



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যে ইরান, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মধ্যে সাম্প্রতিক হামলা ও পাল্টা হামলার প্রেক্ষাপটে গভীর উদ্বেগ জানিয়েছে জাতিসংঘ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সব পক্ষকে সংযম দেখানোর পাশাপাশি দ্রুত আলোচনায় ফেরার আহ্বান জানিয়েছে সংস্থাটি।

এক বিবৃতিতে জাতিসংঘ-এর মানবাধিকারবিষয়ক হাই কমিশনার ভলকার তুর্ক বলেন, সামরিক অভিযানের এই ধারাবাহিকতা তাকে ব্যথিত করেছে। তার ভাষায়, যেকোনো সংঘাতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় নিরীহ মানুষ। বোমা বা ক্ষেপণাস্ত্র কোনো সমাধান বয়ে আনে না; বরং তা আরও ধ্বংস ও মানবিক সংকট সৃষ্টি করে।

তিনি সতর্ক করে দেন, উত্তেজনা নিয়ন্ত্রণে না আনলে এই সংকট গোটা অঞ্চলে ছড়িয়ে পড়তে পারে। তাই সব পক্ষের প্রতি দায়িত্বশীল ও বিবেচনাপ্রসূত আচরণের আহ্বান জানান তিনি। অন্যদিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা-এর মহাপরিচালক তেদরোস আধানোম গেরেয়াসুস বলেন, চলমান সংঘাত জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি তৈরি করেছে। বিশেষ করে পারমাণবিক স্থাপনাগুলোর নিরাপত্তা নিয়ে তিনি উদ্বেগ প্রকাশ করেন।

উল্লেখ্য, অল্প কিছুদিন আগে ওমানের মধ্যস্থতায় যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে পরোক্ষ সংলাপ হয়েছিল। সেই প্রক্রিয়ার পরপরই নতুন করে উত্তেজনা বাড়ায় আন্তর্জাতিক অঙ্গনে শঙ্কা আরও তীব্র হয়েছে।